



যুক্তরাষ্ট্রের পর ইরানের সঙ্গে যুদ্ধবিরতিতে রাজি ইসরায়েল



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ঘোষণার পর ইরানের সঙ্গে সাময়িক যুদ্ধবিরতিতে সম্মতি দিয়েছে ইসরায়েলও। আগে কঠোর অবস্থান নিলেও পরিস্থিতির প্রেক্ষাপটে দুই সপ্তাহের বিরতির প্রস্তাবে তারা সায় দিয়েছে বলে জানা গেছে।

মার্কিন ও ইসরায়েলি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, চলমান উত্তেজনা প্রশমনে যুদ্ধবিরতির বিষয়ে ইতিবাচক অবস্থান নিয়েছে ইসরায়েল। হোয়াইট হাউসের এক কর্মকর্তার বরাতে এ তথ্য প্রকাশিত হয়েছে। একই তথ্য ইসরায়েলের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যমেও প্রচার করা হয়েছে।

হোয়াইট হাউসের একটি সূত্র জানিয়েছে, ইরান যদি হরমুজ প্রণালি খুলে দেয়, তাহলে এই যুদ্ধবিরতি কার্যকর হতে পারে। তবে এখন পর্যন্ত পুরোপুরি সংঘর্ষ বন্ধের বিষয়ে প্রতিরক্ষা দপ্তর থেকে কোনো আনুষ্ঠানিক নির্দেশনা দেওয়া হয়নি বলেও জানা গেছে।

এদিকে, ইসরায়েল কিংবা যুক্তরাষ্ট্র—কোনো পক্ষ থেকেই এখনো এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা আসেনি।

সূত্র: আল জাজিরা